**"একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত"**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৪১.১৮.০১১.২১.১১২০ তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ / ০৫ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থবছরে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.২.১ অনুযায়ী যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের এস.পি.এস টিম কর্তৃক মন্ত্রণালয়ের কর্মকর্তা/কর্মচারীদের পেনশন সেবা সহজিকরণের জন্য ধাপ কমিয়ে একটি প্রতিবেদন দাখিল করেছে যা গৃহীত হয়েছে। সচিবালয় নির্দেশমালা-২০১৪ এর ৫৭(১) নির্দেশ অনুসারে 'পেনশন সেবা' মঞ্জুরের ক্ষেত্রে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের প্রশাসনিক ও আর্থিক ক্ষমতা অর্পণ আদেশ অনুসারে মঞ্জুরকারী কর্তৃপক্ষ আবেদন দর্শনপূর্বক ই-নথিতে সরাসরি সংশ্লিষ্ট শাখা প্রধানের নিকট প্রেরণ করবেন। শাখা প্রধান আবেদন দর্শনপূর্বক ই-নথিতে সরাসরি প্রশাসনিক কর্মকর্তার নিকট প্রেরণ করবেন। প্রশাসনিক কর্মকর্তা আবেদনপত্র পরীক্ষাপূর্বক নোট প্রস্তুত করে ই-নথিতে শাখা প্রধানের নিকট প্রেরণ করবেন। শাখা প্রধান ই-নথিতে অধিশাখা প্রধানের নিকট প্রেরণ করবেন। অধিশাখা প্রধান ই-নথিতে অনুবিভাগ প্রধানের নিকট প্রেরণ করবেন। অনুবিভাগ প্রধান ই-নথিতে মঞ্জুরকারী কর্তৃপক্ষের নিকট উপস্থাপন করবেন। মঞ্জুরকারী কর্তৃপক্ষ আবেদন মঞ্জুর/না মঞ্জুর করে সরাসরি শাখা প্রধানের নিকট প্রেরণ করবেন। পেনশন সেবা মঞ্জুর/না মঞ্জুর আদেশের অনুলিপি মধ্যবর্তী কর্মকর্তাগণকে অবগতির জন্য দিতে হবে।

০২। উল্লেখ্য, পেনশন সেবা সহজিকরণের লক্ষ্যে পাইলটিং ০১ (এক) মাস চলবে। পাইলটিং মূল্যায়ন শেষে চূড়ান্ত বাস্তবায়ন আদেশ জারি করা হবে।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

স্বাঃ/-
(দীপ্তিময়ী জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫০৫

নং-৩৪.০০.০০০০.০৪১.১৮.০১১.২১.১১২০ তারিখ: ২০ অগ্রহায়ণ ১৪২৮ বঙ্গাব্দ / ০৫ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃ: আ: উপসচিব, ই-গভর্ন্যান্স-১ অধিশাখা)
২. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়া, ঢাকা।
৫. মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৭. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০. সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ইহা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল)/সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২. সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক(সকল)/হিসাবরক্ষক/ক্যাশিয়ার/ডাটা এন্ট্রি অপারেটর/ক্যাশ সরকার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩. অফিস সহায়ক (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

(দীপ্তিময়ী জামান)
সিনিয়র সহকারী সচিব